

যদিও মানছি দূরত্ব  
তবুও আছি সংযুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭  
www.sheikhrusseldigitallab.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.২০.০৮০.২১.১৭১১

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮  
০৮ ডিসেম্বর ২০২১

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর বিভাগের অন্তর্গত রংপুর সিটি কর্পোরেশনের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য প্রেরিত বরাদ্দ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় সারাদেশে নির্বাচিত ৫০০০ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের জন্য ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য ভ্যাট/ট্যাক্স সহ মোট ৬৫,০০০/- (পঁয়ষাট্টি হাজার) টাকা প্রদানের সংস্থান রয়েছে।

২। চলতি ২০২১-২২ অর্থবছরের ৪১১২৩১৪ অর্থনৈতিক কোড হতে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়ন সংক্রান্ত কাজের জন্য আসবাবপত্র ব্যয়খাত হতে রংপুর বিভাগের অন্তর্গত রংপুর সিটি কর্পোরেশনের ১৮ টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ভ্যাট/ট্যাক্স সহ মোট ৬৫,০০০/- (পঁয়ষাট্টি হাজার) টাকা হারে সর্বমোট ১৮x৬৫০০০= ১১,৭০,০০০/- (এগারো লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের মঞ্জুরি/অর্থরীতি সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদান করা হয়েছে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে।

#### শর্তাবলী:

- ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Rules-2008 সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ২। বিল ভাউচার দিয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগ/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কার্যালয়ে ২৮/০২/২০২২ তারিখের মধ্যে অর্থ উত্তোলন করতে হবে।
- ৩। কার্য সমাপ্তি শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) বিধি মোতাবেক সমর্পণ করতে হবে এবং সংযুক্ত ছক মোতাবেক কাজ সমাপ্তি ও ব্যয়ের প্রত্যয়ন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আবশ্যিকভাবে প্রকল্প পরিচালকের কার্যালয়ে ১০/০৩/২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

- (ক) রংপুর সিটি কর্পোরেশনের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা (544/potrojariAttachmentRef/569/0/16623),  
(খ) নমুনা প্রত্যয়ন পত্র (546/potrojariAttachmentRef/569/0/16623),  
(গ) বরাদ্দকৃত অর্থের বিভাজন (547/potrojariAttachmentRef/569/0/16623)

R. Mahadi

৮-১২-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৩) উপ প্রকল্প পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
- ৭) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)
- ৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা ১০০০।
- ৯) প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর
- ১০) জেলা শিক্ষা কর্মকর্তা, রংপুর
- ১১) প্রধান শিক্ষক/অধ্যক্ষ, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান, রংপুর সিটি কর্পোরেশন

R. Mahdi

৮-১২-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)